গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা
www.mos.gov.bd

স্মারক নং-১৮.০২২.১২০.০১৪.০০২.২০১৪-২৩ তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৯

বিষয় ঃ বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন " বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু'টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

গত ০৬/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন "বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু'টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ"শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ২ (দুই) পৃষ্ঠা।

মোঃ আরিফুল ইসলাম ১৪/২/১৯
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্ম-প্রধান, রেল পরিবহন উইং)।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (সংস্থা), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক ''বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দুটি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ'' প্রকল্প, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।

D:\And folder\Planning-3\BIWTC\Dumph Ferry\Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: "বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু'টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ" শীর্ষক প্রকল্পে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রস্তাব সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরনী।

সভাপতিঃ মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সময় ও তারিখঃ সকাল ১১.০০ ঘটিকা, ৬/২/২০১৯ ইং
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতিঃ পরিশিষ্ট"ক"

২। আলোচনা:

২.১ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্য প্রকল্পটির বিষয়ে উপস্থাপনের জন্য যুগ্ম প্রধানকে অনুরোধ করেন। যুগ্ম প্রধান বলেন, ৩১৬৬.৬৮ লক্ষ টাকা ব্যয়ে বিআইডব্লিউটিসি'র নিজস্ব অর্থায়নে জুলাই ২০১৫ হতে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। ইত:পূর্বে দুই বার প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি করে মার্চ ২০১৯ পর্যন্ত করা হয়েছিল, কিন্তু ফেরি নির্মাতা প্রতিষ্ঠান উক্ত সময়ে ফেরি সরবরাহ করতে পারবে না মর্মে বিআইডব্লিউটিসিকে জানিয়েছে। কি কারণে ফেরি নির্মাতা প্রতিষ্ঠান উল্লিখিত সময়ে ফেরি সরবরাহ করতে পারবে না জানতে চাইলে বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান জানান, প্রকল্পভুক্ত ফেরি দু'টি নির্মাণের জন্য ২৬/১১/২০১৫ খ্রিঃ তারিখে দরপত্র গ্রহণ ও উন্মোচন করা হয়। দরপত্র প্রক্রিয়াকরণ শেষে ০৮/০২/২০১৬ খ্রি: তারিখে মেসার্স থ্রী-এ্যাঙ্গেল মেরিণ লিঃ - কুমিল্লা শিপ বিল্ডার্স লিঃ (Joint Venture) এর সাথে বিআইডব্লিউটিসি'র দু'টি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি ও বর্ধিত সময় মোতাবেক মার্চ, ২০১৯ এর মধ্যে ফেরি ২ (দুই) টির নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার তারিখ নির্ধারিত আছে। কিন্তু মার্চ, ২০১৯ এর মধ্যে ফেরি ২ (দুই) টির নির্মাণ কাজ সম্পন্ন হবে না। নির্মানাধীন দু'টি উন্নতমানের কে-টাইপ ফেরির নির্মাণ কাজ তদারকির জন্য International Classification Society, Bureau Veritas (BV) এর তত্ত্বাবধানে নির্মাণের জন্য নির্মাতা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী ও বিআইডব্লিউটিসি'র প্রতিনিধিগণের উপস্থিতিতে Three Angle Marine Ltd. এর ইয়ার্ডে গত ১৭/০২/২০১৬ খ্রি: তারিখে ফেরি দুটির Keel Laying সম্পন্ন হয়। Keel laying এর মাধ্যমে একই সংগে ফেরি দুটির নির্মান কাজ শুরু হয়।

২.২ তিনি আরো বলেন, Classification society, Bureau Veritas (BV) নির্মাতাকে বেশ কিছু শর্ত আরোপ করে, যেগুলি ফেরি নির্মাণের সাথে সরাসরি সম্পৃক্ত ছিল না। শর্তগুলি নির্মাতার ডকইয়ার্ড / শিপইয়ার্ড এর উন্নয়ন সংক্রান্ত। শর্তগুলি পূরণ করতে নির্মাতাকে অনেক Capital Invest এর প্রয়োজন ছিল। যা সেই সময় নির্মাতার পক্ষে সম্ভব ছিল না বলে তারা জানায়। আবার ডকইয়ার্ড / শিপইয়ার্ড এর উন্নয়ন কাজ করে ফেরি নির্মাণ করলে অনেক সময়ের প্রয়োজন হয়। ডকইয়ার্ড / শিপইয়ার্ড এর উন্নয়ন এর বিষয়টি Owner তথা বিআইডব্লিউটিসি'র ফেরি নির্মাণ চুক্তির

শর্ত বা চাহিদা ছিল না। নির্মাতা প্রতিষ্ঠান থ্রি এ্যাংগেল মেরিন লি: এর International Classification society এর তত্ত্বাবধানে জাহাজ নির্মাণের যথেষ্ঠ অভিজ্ঞতা থাকায় তাদেরকে উক্ত ফেরি দুটির কাজ প্রদান করা হয়। Bureau Veritas (BV) কর্তৃক প্রদত্ত শিপইয়ার্ড উন্নয়নের শর্ত পূরণ করতে না পারায় তারা নির্মাণ কাজ তদারকি করতে অপারগতা জানায়।

২.৩ পরবর্তীতে নির্মাতা প্রতিষ্ঠান Classification Society পরিবর্তনের জন্য বিআইডব্লিউটিসি'র নিকট আবেদন করে। নির্মাতা প্রতিষ্ঠানের পক্ষ হতে জানানো হয়, নিয়োজিত Classification Society, BV এর তত্ত্বাবধানে কাজ করতে তাঁরা কিছু সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। নির্মাতার পক্ষ হতে ফেরির ডিজাইন Approval Process ধীর গতি ও Classification Society, BV এর সহযোগীতা না পাওয়ার কথা উল্লেখ করা হয়। এ অবস্থায় পরবর্তীতে Classification Society, BV পরিবর্তন করে Classification Society, RINA এর তত্ত্বাবধানে ফেরি ২ টি নির্মাণের সিদ্ধান্ত হয়। Classification Society পরিবর্তনের কারণে বেশ কিছু সময় ক্ষেপন হয় যার ফলশ্রুতিতে নির্মাণ কাজ বিলম্ব হয়। নির্মাতা প্রতিষ্ঠানের ইয়ার্ডে ষ্টিল ম্যাটেরিয়াল না থাকায় দীর্ঘদিন (প্রায় ১ বৎসর) নির্মাণ কাজ বন্ধ থাকে। অবশেষে গত ডিসেম্বর ২০১৮ তে ষ্টিল ম্যাটেরিয়াল শিপইয়ার্ডে আসায় পুনরায় নির্মাণ কাজ শুরু হয়। মূলত: নির্মাতা প্রতিষ্ঠান থ্রি-এঙ্গেল মেরিন লি: এর আর্থিক অসচ্ছলতা অথবা কমিটমেন্ট অনুযায়ী কাজ না করায় প্রকল্প বাস্তবায়নে বিলম্বিত হচ্ছে। যতই সময় যাচ্ছে সরকারের ক্ষয়ক্ষতি ততই বেড়ে যাচ্ছে।

২.৪ এছাড়া ফেরি ২ (দুই) টির মেইন ইঞ্জিন ও জেনারেটর সেট এর চুক্তি মোতাবেক Pre Shipment Inspection (PSI) সম্পন্ন হয়েছে। তবে নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক চুড়ান্ত LC ওপেন না করায় ইঞ্জিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান ABC (Anglo Belgian Corporation) প্রস্তুতকৃত ইঞ্জিনগুলি শীপমেন্ট করেনি। নির্মাতা প্রতিষ্ঠানের পক্ষ হতে জানান হয়েছে, ইঞ্জিন প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে ২০% এডভান্স পেমেন্ট করা হয়েছে। অচিরেই ফেরি দুটির মেইন ইঞ্জিন ও অনান্য সকল মেশিনারিজের চুড়ান্ত LC ওপেন করা হবে। ফেব্রুয়ারী ২০১৯ এর মধ্যে চুড়ান্ত LC ওপেন করা হলে মেইন ইঞ্জিন ও জেনারেটর সেট Shipment পূর্বক বাংলাদেশে পৌঁছাতে মে' ২০১৯ পর্যন্ত সময় লাগতে পারে। মেইন ইঞ্জিন, জেনারেটর সেট, প্রপালশান দেশে আসার পরে জাহাজে স্থাপন করে সকল কাজ সম্পন্ন করতে অক্টোবর' ২০১৯ পর্যন্ত সময় লাগতে পারে। এর পর টেষ্ট-ট্রায়াল ও টেক ওভার করতে আরও ৩ মাস সময় অর্থাৎ আগামী জানুয়ারী' ২০২০ পর্যন্ত সময় লাগতে পারে। জাহাজের ক্রটিসমূহ সংশোধন পূর্বক চুড়ান্ত বিল প্রদান করতে মার্চ' ২০২০ পর্যন্ত সময় প্রয়োজন।

২.৫ পরিকল্পনা কমিশনের প্রতিনিধি জানান, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটি শেষ করতে হলে সময় বৃদ্ধি করা প্রয়োজন। তবে সাধারনত মেয়াদ বৃদ্ধি অর্থবছরের সাথে সামঞ্জস্য রেখে করা হয়ে থাকে। তিনি একই অর্থবছরে হওয়ায় প্রকল্পের সমাপ্তির সময় মার্চ, ২০২০ এর পরিবর্তে জুন, ২০২০ সময় পর্যন্ত নির্ধারন করা যেতে পারে মর্মে মতামত দেন। যুগ্ম প্রধান (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের কাঙ্খিত ফল লাভের জন্য প্রয়োজনীয় সময় বিবেচনা করা যায়। সংস্থা কর্তৃক এ প্রকল্পটির মেয়াদ মার্চ, ২০২০ পর্যন্ত বৃদ্ধির অনুরোধ করা হলেও জুন, ২০২০ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করার বিষয়টি বিবেচনা করা যায়। সভায় এ বিষয়ে একমত পোষন করা হয়।

০৩। <u>সিদ্ধান্তসমূহ</u>: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়

(ক) বিআইডব্লিউটিসি'র নির্মিতব্য ' পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু'টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ' শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ মার্চ, ২০১৯ থেকে বৃদ্ধি করে জুন, ২০২০ পর্যন্ত করার সুপারিশ করা হলো।

(খ) প্রকল্পটি জুন, ২০২০ এর মধ্যে সমাপ্ত করতে হবে। কোন অবস্থাতেই আর মেয়াদ বাড়ানো হবে না।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়